গত তিন মাসে ১৯৩ কোটি টাকার প্রাণিসম্পদ রপ্তানি করেছে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়: প্রতিমন্ত্রী সুলতান সালাউদ্দিন টুকু।

লেখক: প্রকাশক | প্রকাশিত: 29 October 2026, 11:56 PM | বিভাগ: সারাদেশ

গত তিন মাসে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় ১৯৩ কোটি টাকার গরুর মাংস বিদেশে রপ্তানি করেছে বলে মন্তব্য করেছেন মৎস্য ও প্রাণিসম্পদ প্রতিমন্ত্রী সুলতান সালাউদ্দিন টুকু।

বৃহস্পতিবার (২৯ অক্টোবর) বিকেলে সাভারে বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট বিএলআরআইএ বিজ্ঞানীদের সাথে মতবিনিময় সভায় যোগ দিয়ে সাংবাদিকদের এ তথ্য জানান তিনি।

এসময় তিনি আরো বলেন, বিদেশে আরো বেশি করে গরুর মাংস রপ্তানি করার জন্য এই পর্যায়ে বিভিন্ন ভাবে উদ্যোগ নেওয়া হয়েছে এছাড়াও পশু খাদ্যের নিরাপত্তার বিষয়টিও সরকার দেখভাল করছে। তিনি আরো জানান ইতিমধ্যে বর্তমান সরকার হ্যাসিংডিম নাইজেরিয়ায় রপ্তানি করেছে।

এর আগে প্রতিমন্ত্রী বিএলআরআইএ পরিবেশের ভারসাম্য রক্ষায় বৃক্ষরোপণ করেন।এসময় প্রধানমন্ত্রীর কার্যালয়ের এসডিজি বিষয়ক মুখ্য সমন্বয়ক ড.এস এম আব্দুল আওয়াল, বাংলাদেশ প্রাণিসম্পদ অধিদপ্তরের মহাপরিচালক শাহজামান খান তুহিন,বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট

(বিএআরআইএর) মহাপরিচালক ড.শাকিলা ফারুক উপস্থিতি ছিলেন।

© 2026 আপনার নিউজ পোর্টাল। সর্বস্বত্ব সংরক্ষিত।
এই প্রতিবেদনটি আমাদের ওয়েবসাইট থেকে ডাউনলোড করা হয়েছে।